গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরল, দিনাজপুর।
www.birol.dinajpur.gov.bd

**দিনাজপুর জেলার বিরল উপজেলা পরিষদের অক্টোবর/২০২৪ মাসের সভার কার্যবিবরণী**

সভাপতি: জনাব বহ্নি শিখা আশা
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক (অতিরিক্ত দায়িত্ব)
উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।

তারিখ : ২৪/১০/২০২৪খ্রিঃ
সময় : সকাল ১১.০০ ঘটিকা
রোজ : বৃহস্পতিবার
স্থান : উপজেলা পরিষদ কনফারেন্স রুম

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" ও "খ" তে সন্নিবেশিত হলো।

সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। চলতি মাসে বিরল উপজেলায় সকলের সহযোগিতায় ৯-১৩ অক্টোবর, ২০২৪খ্রি: তারিখে কোন অপ্রীতিকর ঘটনা ছাড়াই শান্তিপূর্ণ পরিবেশে শারদীয় দুর্গোৎসব উদযাপিত হয়েছে মর্মে সকলকে ধন্যবাদ জানান। অত:পর গত জুলাই/২০২৪ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান এতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

| বিভাগের নাম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১।উপজেলা স্বাস্থ্য বিভাগঃ- | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, বিরল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ ০৩(তিন)জন মেডিক্যাল অফিসার কর্মরত আছেন। যা প্রয়োজনের তুলনায় খুবই কম। তিনি আরও মেডিক্যাল অফিসার পদায়নের জন্য সভায় আলোচনা করেন। তিনি জানান যে, ১০-১৪ বছর বয়সী কিশোরীদের জরায়ু ক্যান্সার নিরোধকল্পে ভ্যাকসিন ২৪/১০/২০২৪খ্রি: তারিখ হতে দেয়া শুরু হয়েছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও প:প: অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও প:প: অফিসার |
| ২। উপজেলা প্রাণিসম্পদ বিভাগ : | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বর্তমানে নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির মূল্য বেশি। ডিমের অস্বাভাবিক মূল্য বৃদ্ধির কোন অভিযোগ থাকলে তা জানানোর জন্য অনুরোধ জানান। তিনি জানান যে, বাজার মনিটরিং কমিটির সহযোগিতায় বাজারে অভিযান চালানো হচ্ছে।<br>তিনি বলেন যে, উপজেলা প্রানিসম্পদ কার্যালয়ের ০৩(তিন)টি জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ ভবন রয়েছে। এই ভবনগুলি জরুরি ভিত্তিতে পরিত্যাক্ত ঘোষণা করে অপসারণ করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা করেন। | উপজেলা প্রানিসম্পদ কার্যালয়ের ০৩(তিন)টি জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ ভবন উপজেলা প্রকৌশলী পরিত্যাক্ত ঘোষণা করে প্রাক্কলন প্রস্তুতের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৩।উপজেলা কৃষি বিভাগ:- | উপজেলা কৃষি অফিসার জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান যে, বিরল উপজেলায় ২৮ হাজার হেক্টর জমিতে রোপা আমন ধান চাষ করা হয়েছে। বর্তমানে বিরল উপজেলা টিএসপি এবং পটাশ সারের চাহিদা রয়েছে। বিরল উপজেলায় ৮৭৫হেক্টর জমিতে আলু চাষ করা হবে। ডিলার পর্যায়ে যে সার বরাদ্দ পাওয়া গেছে তা কৃষক পর্যায়ে পৌঁছানোর সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। কৃষি প্রনোদনা প্রদানের জন্য উপকারভোগীদের তালিকা প্রণয়নের কাজ চলছে। কৃষি প্রণোদনা হিসাবে কৃষকদের বিনা মূল্যে সার ও বীজ প্রদান করা হবে। কৃষি প্রণোদনা বিতরনের জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের তালিকা প্রদানের জন্য অনুরোধ করেন। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হল। | উপজেলা কৃষি অফিসার |
| ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ: | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ৫। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ: | উপজেলা শিক্ষা অফিসার জানান যে , তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ৬। উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান যে, বিরল উপজেলায় ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপি প্রকল্পের কাজ ১০০% সম্পন্ন হয়েছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| ০৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান যে, ইজিপি প্রকল্পের তালিকা প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানদেরকে পত্র প্রদান করা হয়েছে। উক্ত তালিকা দ্রুত প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার |
| ৮। উপজেলা পরিঃপরিঃ বিভাগ:- | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় বলেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা পরিঃ পরিঃ অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ০৯। উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা নির্বাচন অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাচন অফিসার, বিরল, |
| ১০। উপজেলা যুব উন্নয়ন বিভাগ:- | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় বলেন যে, তাঁর বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান যে, বেকার যুব-যুব মহিলাদের কম্পিউটার নেটওয়ার্কিং বিষয়ে প্রশিক্ষণ প্রদানের জন্য (২০জন ছেলে + ২০জন মেয়ে) ইতোমধ্যে প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী প্রার্থীদের নিকট হতে ২৪/১০/২০২৪খ্রিঃ তারিখের মধ্যে দরখাস্থ আহবান করা হয়েছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১১। উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক অফিসার প্রশিক্ষনে থাকায়, তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেল না। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার |
| ১২। উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কাজ এবং ভাতা বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উপজেলা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বিভিন্ন প্রকার ভাতা বিতরণ করা হয়। আগামী ১৮-২০নভেম্বর,২০২৪খ্রি: তারিখের মধ্যে ভাতাভোগীদের ৩(তিন) মাসের ভাতা প্রদান করা হবে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১৩। উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ১৪। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বিরল উপজেলায় প্রতিটি ইউনিয়নের জন্য ১২টি করে তাঁরা নলকূপ বরাদ্দ পাওয়া গেছে। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যন কর্তৃক প্রাপ্ত তালিকা যাচাই-বাছাই মোতাবেক নলকূপগুলি বিতরণ করা হবে মর্মে সভায় আলোচনা করেন। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)কে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |

| | | | |
|---|---|---|---|
| ১৫। বরেন্দ্র উন্নয়ন কর্তৃপক্ষ | সহকারী প্রকৌশলী (বিএমডিএ) সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য সহকারী প্রকৌশলী, বরেন্দ্র উন্নয়ন কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী বরেন্দ্র উন্নয়ন কর্তৃপক্ষ |
| ১৬। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার কে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৭।উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আগামী ২ নভেম্বর,২০২৪খ্রি: সমবায় দিবস উদযাপন করা হবে। তিনি দিবসটি উদযাপনের জন্য সকলের সহযোগিতা চান। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ১৮।পল্লী বিদ্যুৎ সমিতি, বিরল জোন | ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, দিনাজপুর-১, বিরল জোনাল অফিস জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম অব্যাহত জন্য ডিজিএম, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, বিরল জোনকে অনুরোধ করা হয়। | ডিজিএম, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, বিরল জোন। |
| ১৯। উপজেলা খাদ্য বিভাগ:- | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় কার্যক্রম চলমান রয়েছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরল, দিনাজপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ২০। উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা পরিসংখ্যাম অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার |
| ২১। পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরল সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। গত ২০২৩-২০২৪ অর্থ বছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ আদায় ও ঋণ বিতরণ করা হয়েছে। বর্তমানে আদায়ের হার সন্তোষজনক। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরল, দিনাজপুরকে অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২২। পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসার, বিরল সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তাঁর বিভাগের ৯৮% লক্ষ্যমাত্রা সম্পন্ন হয়েছে। উপকারভোগীদের প্রশিক্ষণের জন্য কোন বরাদ্দ পাওয়া যায়নি বরাদ্দ পেলে শীঘ্রই প্রশিক্ষণ শুরু করা হবে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসার, বিরল, দিনাজপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার বিরল |
| ২৩। বন বিভাগ: | বন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য বন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | ফরেষ্টার সামাজিক বন বিভাগ |
| ২৪। ইউআরসি | ইন্সট্রাক্টর, ইউআরসি জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য ইন্সট্রাক্টর, ইউআরসি, বিরল অনুরোধ করা হলো। | ইন্সট্রাক্টর,ইউআরসি বিরল, দিনাজপুর। |
| ২৫। ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, বিরল, দিনাজপুর এর প্রতিনিধি সভায় উপস্থিত ছিলেন। তিনি জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য ফিল্ড সুপারভাইজারকে অনুরোধ করা হয়। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন |

<table>
<tr>
<td>২৬। উপজেলা নির্বাহী অফিসার</td>
<td>ক) উপজেলা নির্বাহী অফিসার সেপ্টেম্বর/২০২৪খ্রি: মাসে উপজেলা পরিষদের মাসিক আয় ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><td>সেপ্টেম্বর/২০২৪খ্রি: মাসে আয়</td><td>সেপ্টেম্বর/২০২৪খ্রি:: মাসে ব্যয়</td></tr>
<tr><td>১। ১% স্থাবর সম্পত্তি হস্তান্তর কর হতে আয় টা:= ১৩,২৯,৭৫০/-<br>২। বাসাবাড়ী হতে =৭৬,০০০/-</td><td>১। আপ্যায়ন = ৩০,০০০/-<br>৩। আনুষাংগিক =৫,০০০/-<br>৪। মালির দৈ:ম:/উৎসব = ৩২৪৫০/-<br>৫। সুইপার দৈ: মুজুরী/উৎসব =২৯,৫০০/-<br>৬। জীপগাড়ী জ্বালানী ক্রয় =৫,০০০/-<br>৮। বাসাবাড়ী মেরামত বাবদ = ২৪,৯৫০/-<br>৯। কম্পিউটার সার্ভিসিং ও যন্ত্রাংশ ক্রয়=১২,৭৪৮/-</td></tr>
<tr><td>সর্বমোট= ১৪,০৫,৭৫০/-</td><td>সর্বমোট= ১,৩৯,৬৪৮/-</td></tr>
</table>
</td>
<td>প্রতি মাসে উপজেলা পরিষদের মাসিক সভায় আয়-ব্যয়ের হিসাব দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>(২)উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক(অতি: দায়িত্ব) উপজেলা পরিষদ,বিরল</td>
</tr>
<tr>
<td></td>
<td>গ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে,<br>০১) ২০২৪-২০২৫ অর্থ বছরে গত ৫/০৮/২০২৪খ্রি: তারিখে দেশের বিদ্যমান পরিস্থিতিতে উপজেলা পরিষদের কমপ্লেক্স হলরুমের ৫(পাঁচ)টি গেটের থাইগ্লাস দুস্কৃতকারী কর্তৃক ভেঙ্গে ফেলা হয়। ফলে উক্ত হলরুমের আসবাবপত্র নিরাপদে সংরক্ষণের জন্য জরুরি ভাবে নতুন থাইগ্লাস ক্রয় করে দরজা মেরামত করা হয়েছে। যার খরচের পরিমাণ=২৪,৯৫০/-(চব্বিশ হাজার নয়শত পঞ্চাশ) টাকা মাত্র।<br>০২) উপজেলা পরিষদ,বিরল, দিনাজপুর এর গাড়ী নং-দিনাজপুর-ঘ-১১-০০৬৭ গত ১৯/০৮/২০২৪খ্রি: তারিখ হতে গ্যারেজে রাখা হয়েছে। উপজেলা পরিষদের চেয়ারম্যান অপসারণের পর গাড়ীটি ব্যবহৃত হচ্ছে না। কিন্তু সরকারি গাড়ীটি সচল রাখার জন্য সেপ্টেম্বর-অক্টোবর/২০২৪ মাসে জ্বালানী বাবদ(৫,০০০+৫,০০০)= ১০,০০০/-(দশ হাজার) টাকা খরচ করা হয়েছে।<br>০৩)উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তার ব্যবহৃত কম্পিউটারের মাদার বোর্ড ও র‍্যাম এবং কম্পিউটার সার্ভিসিং বাবদ সর্বমোট=১২,৭৪৮/-(বার হাজার সাতশত আটচল্লিশ টাকা খরচ করা হয়েছে।<br>০৪)উপজেলা পরিষদের বাউন্ডারী ওয়ালের কিছু অংশ হঠাৎ ভেঙ্গে যাওয়ায় উপজেলা পরিষদের নিরাপত্তা জনিত কারণে জরুরিভাবে বাউন্ডারী ওয়াল মেরামত বাবদ সর্বমোট=২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা খরচ করা হয়েছে।</td>
<td>এ বিষয়ে ব্যাপক আলোচনান্তে ২০২৪-২০২৫ অর্থ বছরে ০১ ও ০৪নং ক্রমিকের বিলগুলি উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের বাসাবাড়ী রক্ষণাবেক্ষণ ও মেরামত খাত হতে এবং ক্রমিক নং-০২ এর বিলটি উপজেলা পরিষদের যানবাহনের জ্বালানী ব্যয় সংক্রান্ত খাত হতে এবং ০৩ ক্রমিকের বিলটি কম্পিউটার সরঞ্জাম মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে পরিশোধ করার সিদ্ধান্ত গ্রহণ করা হলো।</td>
<td>(২)উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অ:দা:) উপজেলা পরিষদ, বিরল</td>
</tr>
<tr>
<td>২৭। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার</td>
<td>উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভায় জানান যে, চলতি মাসে গত ৯-১৩ অক্টেবর,২০২৪খ্রি: তারিখে বিরল উপজেলায় ৯৬টি পূজা মন্ডবে শারদীয় দুর্গাপূজায় ৬২৪জন আনসার সদস্য মোতায়েন করা হয়েছিল। শারদীয় দুর্গাপূজা/২০২৪ শান্তিপূর্ণভাবে উদযাপন করা হয়েছে কোথাও কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি মর্মে সভায় আলোচনা করেন।</td>
<td>চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, বিরল, দিনাজপুরকে অনুরোধ করা হলো।</td>
<td>উপজেলা আনসারও ভিডিপি অফিসার</td>
</tr>
<tr>
<td>২৮। আইসিটি বিভাগ</td>
<td>উপজেলা আইসিটি অফিসার জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td>
<td>চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা আইসিটি অফিসার বিরল, দিনাজপুরকে অনুরোধ করা হলো।</td>
<td>উপজেলা আইসিটি অফিসার</td>
</tr>
<tr>
<td>২৯।উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)</td>
<td>ক। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)-এর ২০২১-২০২২,২০২২-২০২৩অর্থ বছরের পরামর্শক ফার্ম কর্তৃক আগামী ৩০-৩১ অক্টোবর, ২৪ তারিখে অডিট কার্যক্রম সম্পন্ন করা হবে ।</td>
<td>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)-এর কার্যক্রম অব্যাহত রাখার জন্য ইউডিএফকে অনুরোধ করা হলো।</td>
<td>উপজেলা প্রকৌশলী/ইউডিএফ, বিরল, দিনাজপুর।</td>
</tr>
</table>

সভায় বিবিধ আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৪/১০/২৪

বহ্নি শিখা আশা
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক(অতি: দায়িত্ব)
উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরল, দিনাজপুর।
www.birol.dinajpur.gov.bd

স্মারকনং-০৫.৫৫.২৭১৭.০০০.০০৮.০০১.২৪-১৩০২ তারিখ: ২৪/১০/২০২৪খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৫. প্রকল্প পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, ডিজিটাল একসেস, ঢাকা।
০৬. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ,রংপুর।
০৭. জেলা প্রশাসক, দিনাজপুর।
০৮. উপ-পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
০৯. প্রশাসক, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।
১০. প্রশাসক, বিরল পৌরসভা, দিনাজপুর।
১১. উপজেলা ....................অফিসার, বিরল, দিনাজপুর।
১২. জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১,বিরল জোনাল অফিস, দিনাজপুর।
১৩. চেয়ারম্যান,............... ইউনিয়ন পরিষদ (সকল), বিরল, দিনাজপুর।
১৪. জনাব.................................... বিরল, দিনাজপুর।
১৫. অফিস কপি।

24/10/24

(বহ্নি শিখা আশা)
উপজেলা নির্বাহী অফিসার
বিরল, দিনাজপুর।